৪

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1 1 1999

পৃষ্ঠা ৩ কলাম ৫

# লক্ষ্মীপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার উদ্যোগ

লক্ষ্মীপুর সংবাদদাতা ॥ লক্ষ্মীপুর জেলার ৪টি থানার ৩টি পৌরসভা ও ৫০টি ইউনিয়নের প্রায় ৪ লক্ষ মানুষকে নিরক্ষরমুক্ত করার ব্যাপক কার্যক্রম চলতি বৎসরের মধ্যেই সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হইয়াছে। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০০২ সালের মধ্যে গোটা দেশকে নিরক্ষর মুক্ত

( ৭ম পৃঃ দ্রঃ )

## লক্ষ্মীপুর জেলাকে

( ৩য় পৃঃ পর )

করার কার্যক্রমের আওতায় লক্ষীপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার এই ব্যাপক উদ্যোগ হাতে নেওয়া হইয়াছে। ইতিমধ্যে নিরক্ষর লোকদের সঠিক সংখ্যা নির্ধারণের জন্য জরীপ কাজ শুরু করা হইয়াছে। প্রতি ইউনিয়নে ১ জন সুপারভাইজারের অধীনে স্বেচ্ছাসেবী পুরুষ-মহিলা কর্মিগণ জরীপ কাজ চালাইতেছে। জেলা প্রশাসক এ, কে, এম, মাহবুব উল আলমকে সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)কে সদস্য সচিব করিয়া সর্বস্তরের নেতৃবৃন্দকে নিয়া ১০১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হইয়াছে। প্রস্ফুটিত লক্ষীপুর নামে একটি সমিতি গঠন ও নিবন্ধন করা হইয়াছে। সম্প্রতি উপানুষ্ঠানিক ক শিক্ষা কার্যক্রম প্রকল্পের মহাপরিচালক খোন্দকার শহীদুল ইসলাম সদর থানার নিরক্ষরমুক্ত কার্যক্রম পরিদর্শন করেন।